শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭৪.১৯-৬০

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব. / ২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১১৫৪/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১১৫৪/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১১১৫৪/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১১১৫৪/২০১৯ | জনাব মোছা: আইরিন আক্তার, প্রভাষক (বাংলা), জলঢাকা বিসনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, উপজেলা-জলঢাকা, জেলা-নীলফামারী সহ মোট ০৩ (তিন) জন। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জন। | নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা বিসনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর প্রভাষক (বাংলা), জনাব মোছা: আইরিন আক্তার সহ মোট ০৩ (তিন) জন শিক্ষক-কে এমপিওভুক্তির জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ২৯/১১/২০১৫ তারিখে ডিজি, ডিটিই বরাবর আবেদন করা হয়।<br>উক্ত আবেদনের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় তাদের-কে এমপিও তালিকাভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মোছা: আইরিন আক্তার সহ মোট ০৩ (তিন) জন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১১৫৪/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১১/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন সাপেক্ষে পিটিশনারদের এমপিও তালিকাভুক্ত করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; এবং পিটিশনারদের এমপিওভুক্ত করার জন্য কেন নির্দেশনা প্রদান করা হবে না; সে মর্মে ০৯/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উল্লেখ্য যেহেতু রিট মামলা দায়েরকারীগণ বি.এম শিক্ষা প্রতিষ্ঠানের এবং বিষয়টি ব্যক্তি এমপিওভুক্তকরণ সংক্রান্ত যা কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়ে থাকে। তাছাড়া আলোচ্য মামলায় ডিজি, ডিটিই-কেও প্রতিপক্ষ করা হয়েছে বিধায় এ রিট মামলার আদেশের বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব দাখিলক্রমে টিএমইডি-কে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১১১৫৪/২০১৯ মামালায় মহামান্য হাইকোর্ট কর্তৃক ১১/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি না হয়ে থাকলে জরুরিভিত্তিতে সরকার পক্ষে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যদি আগামী ১০/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২০

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।

F:\Akram Work\Letter-2017-18.docx